

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
জনসংযোগ শাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-১৫৫

১৮ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ


সংবাদ বিজ্ঞপ্তি

সারা দুনিয়া জুড়ে কোভিড-১৯ বা করোনা মহামারি চলছে। Worldometer এর তথ্য অনুযায়ী করোনায় ১৮ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত সারা পৃথিবীতে ২ কোটি ২০ লাখ ৫৩ হাজার ১৩৫ জন মানুষ আক্রান্ত হয়েছেন এবং ৭ লক্ষ ৭৭ হাজার ৪৮৯ জন মানুষ মৃত্যুবরণ করেছেন। বাংলাদেশে ২ লক্ষ ৭৯ হাজার ১৪৪ জন করোনায় আক্রান্ত হয়েছেন এবং ৩ হাজার ৬৯৪ জন মানুষের প্রাণ কেড়ে নিয়েছে এ মরণব্যাদি করোনা ভাইরাস।

বাংলাদেশের অন্যান্য মন্ত্রণালয় বা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ন্যায় নির্বাচন কমিশন সচিবালয় ও এর মাঠ পর্যায়ের কার্যালয়ের মোট ৭৯ জন কর্মকর্তা-কর্মচারী করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন। করোনা আক্রান্ত হয়ে তাদের কেউ মৃত্যুবরণ করেনি।

আক্রান্তদের মধ্যে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইদুল ইসলামসহ মোট ৫৮ জন হচ্ছেন রাজস্ব খাতের কর্মকর্তা-কর্মচারী। অবশিষ্ট ২১ জন আউটসোর্সিং খাতের জনবল। রাজস্ব খাতের ৫৮ জনের মধ্যে কর্মকর্তা ২৬ জন এবং কর্মচারী ৩২ জন। আউটসোর্সিং খাতের ২১ জনই কর্মচারী।

কোভিড আক্রান্তদের মধ্যে ৮ জন বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। অবশিষ্টরা নিজস্ব বাসভবনে হোম কোয়ারেন্টিন/আইসোলেশনে থেকে চিকিৎসা গ্রহণ করেছেন।



(মোঃ আশাদুল হক)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬

মোবাইল: ০১৫৫০০৪২০৫৯